অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জলবায়ু পরিবর্তন বিষয়ে পুনর্গঠিত বৈজ্ঞানিক উপদেষ্টা কমিটির (SCIENTIFIC ADVISORY COMMITTEE) প্রতিবেদন প্রকাশের ঘোষণা দেন

যাতে পরিবর্তনশীল জলবায়ুর জন্য ফেডারেল, স্টেট ও স্থানীয় সরকার, কমিউনিটি ও বেসরকারি খাতের পরিকল্পনাগুলোকে সাহায্য করার সুপারিশ রয়েছে - প্রতিবেদন দেখুন এখানে

ফেডারেল সরকারের ভেঙ্গে দেয়া স্বাধীন জলবায়ু দল (Independent Climate Group) 2018 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণে (State of the State Address) গভর্নর কর্তৃক পুনর্গঠন করা হয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দেন যে প্রায়োগিক জলবায়ু মূল্যায়ন (Applied Climate Assessment) সংক্রান্ত স্বাধীন উপদেষ্টা কমিটি (Independent Advisory Committee, IAC) 2017 সালে ফেডারেল সরকার কর্তৃক ভেঙ্গে দেয়ার পর এবং 2018 সালে গভর্নর কর্তৃক পুনর্গঠিত হওয়ার পর একটি প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। প্রতিবেদনে জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কিত ফেডারেল, স্টেট ও স্থানীয় সরকার, কমিউনিটি ও বেসরকারি খাতের পরিকল্পনাগুলোকে সাহায্য করার সুপারিশ করা হয়েছে।

"যখন ফেডারেল সরকার জলবায়ু পরিবর্তন অগ্রাহ্য করে চলেছে এবং আমাদের কমিউনিটিগুলোর পরিস্থিতি মোকাবেলা করার সক্ষমতা জোরদার করার অতি প্রয়োজনীয়তা উপেক্ষা করে চলেছে, সেই সময়ে নিউ ইয়র্ক এবং ইউ.এস. ক্লাইমেট অ্যালায়েন্স (U.S. Climate Alliance) পদক্ষেপ হাতে নিচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "গত বছর আমরা এই বৈশ্বিক বিপর্যয়ের উপর আলোকপাত করার জন্য গর্বের সাথে উপদেষ্টা কমিটি পুনর্গঠন করেছি এবং যেহেতু আমরা জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার উদ্দেশ্যে কাজ করছি, এই প্রতিবেদনে দেশজুড়ে কমিউনিটিগুলোর কাছে গুরুত্বপূর্ণ সুপারিশ করা হবে।"

"আমরা আমাদের অদম্য স্বচ্ছ শক্তির লক্ষ্যমাত্রার অংশ হিসেবে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সাহায্য করার উদ্দেশ্যে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যেখানে ফেডারেল সরকার জলবায়ু পরিবর্তনের বিষয়টি মোকাবেলায় ব্যর্থ হয়েছে, নিউ ইয়র্ক আমাদের কমিউনিটিগুলো যেন প্রস্তুত থাকে এটি নিশ্চিত করতে পদক্ষেপ নিচ্ছে এবং পরিবর্তনশীল জলবায়ুর সাথে মানিয়ে নেয়ার জন্য পদক্ষেপ নিচ্ছে। নিউ ইয়র্ক ভবিষ্যৎ প্রজন্মের জন্য অপেক্ষাকৃত পরিষ্কার ও সবুজ পরিবেশ বজায় রাখার লড়াইয়ে দেশে নেতৃত্ব দিয়ে যাবে।"

ইতঃপূর্বে টেকসই জাতীয় জলবায়ু মূল্যায়ন (Sustained National Climate Assessment) এর জন্য ফেডারেল উপদেষ্টা কমিটি নামে পরিচিত স্বাধীন উপদেষ্টা কমিটিতে আছেন সরকার, কমিউনিটি এবং বেসরকারি খাতে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় পরিকল্পনা করার জন্য ব্যবহৃত উপাত্ত ও বিশ্লেষণী প্রক্রিয়ার উন্নয়ন সাধনে সাহায্য করার কাজে লিপ্ত বিজ্ঞানী এবং বিশেষজ্ঞগণ। 2018 সালে, গভর্নর কুওমো ইউ.এস. ক্লাইমেট অ্যালায়েন্স এর সাথে সহযোগী হিসেবে কমিটিটি পুনর্গঠন করেন যাতে রাজনৈতিক হস্তক্ষেপ ছাড়া এর জরুরি কাজগুলো অব্যাহত রাখা যায় এবং পরিবর্তনশীল জলবায়ুর সাথে মানিয়ে নেয়ার প্রয়োজনীয় নির্দেশনা পাওয়া যায়।

বিগত বছর ধরে, 19 জন নিরপেক্ষ বৈজ্ঞানিক ও নীতিমালা বিশেষজ্ঞ এবং আমেরিকান মিটিওরোলজিক্যাল সোসাইটির (American Meteorological Society) ড. রিচার্ড মসের নেতৃত্বে পুনর্গঠিত দল একটি প্রতিবেদন পেশ করেছে এবং সিদ্ধান্ত গ্রহণকারীদেরকে তাদের কমিউনিটিগুলোতে জলবায়ু পরিবর্তনের প্রভাব ভালোভাবে বুঝতে এবং এইসব প্রভাবের প্রস্তুতির জন্য তথ্য ও পরিকল্পনাগুলো ভালোভাবে মূল্যায়ন করতে সাহায্য করার জন্য কিছু সুপারিশ প্রদান করেছে।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "যখন ফেডারেল সরকার স্বেচ্ছায় বিজ্ঞানকে উপেক্ষা করে চলেছে, তখন নিউ ইয়র্ক গ্রিন হাউস গ্যাস নির্গমন হ্রাস ও কার্বন-মুক্ত শক্তির উৎস বৃদ্ধি করতে পদক্ষেপ নিচ্ছে। আমাদের কমিউনিটিগুলোর সক্ষমতা জোরদার করার মাধ্যমে জলবায়ু সম্পর্কিত চ্যালেঞ্জগুলো মাকাবেলা করতে আমাদের দেশকে পরামর্শ দিয়ে স্বাধীন উপদেষ্টা কমিটি তাদের গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাচ্ছে। নিঃসরণ হ্রাস করতে এবং আমাদের নবায়নযোগ্য শক্তিতে রুপান্তরের মাত্রা বাড়াতে নিউ ইয়র্কের প্রচেষ্টা আরও বিশুদ্ধ বাতাস দিয়ে আমাদের স্টেটের উপকার করবে, জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা হ্রাস করবে এবং নিউ ইয়র্কবাসীদেরকে নতুন চাকরি প্রদান করবে।"

NYSERDA এর প্রেসিডেন্ট ও সিইও, অ্যালিসিয়া বার্টন বলেছেন, "উপলভ্য তথ্য এবং সরঞ্জাম ভিত্তিক প্রকৃত ঘটনা এবং তথ্য ছাড়া কার্যকর সরকারি জলবায়ু পরিবর্তন নীতিমালা তৈরি করা যায় না। এই বৈজ্ঞানিক উপদেষ্টা কমিটি পুনর্গঠনের মাধ্যমে, গভর্নর কুওমো নিশ্চিত করছেন যে উপলভ্য সেরা বৈজ্ঞানিক উপাত্ত ও তথ্যের মাধ্যমে দায়িত্বপূর্ণ নীতিমালা বাস্তবায়ন করতে ও জলবায়ু পরিবর্তনের সাথে লড়তে সরকারি কর্তৃপক্ষ, নীতিনির্ধারক ও জনগণের প্রয়োজনীয় সংস্থান রয়েছে।"

"যদি গভর্নর কুওমো এগিয়ে না আসতেন তাহলে হয়তো স্বাধীন উপদেষ্টা কমিটির এই প্রতিবেদন সম্পন্ন করা যেত না", **IAC এর প্রধান ও এই প্রতিবেদনের প্রধান লেখক রিচার্ড মস বলেন।** "তার নেতৃত্ব এবং স্থানীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি, অবকাঠামো ও জনস্বাস্থ্যের প্রতি জলবায়ুগত হুমকিসমূহ মোকাবেলা করতে বিজ্ঞান ব্যবহারের জন্য এই নতুন কাঠামো ও সংযোগ তৈরিতে আমাদেরকে সক্ষম করে তোলার জন্য আমরা তাকে ধন্যবাদ জানাই।"

প্রতিবেদনটি, "প্রায়োগিক জলবায়ু মূল্যায়নের জন্য একটি সিভিল সোসাইটি কনসর্টিয়াম: জলবায়ুর ঝুঁকির সম্মুখীন হওয়ার জন্য সহযোগিতা ও জ্ঞান" (A Civil Society Consortium for Conducting Applied Climate Assessments: Collaborations and Knowledge for Confronting

Climate Risk), উল্লেখ করে যে শুধু 2017 সালেই, যুক্তরাষ্ট্রের পূর্ববর্তী হারিকেন ক্যাটরিনার বছর - 2005 সালের 214.8 বিলিয়ন মার্কিন ডলার ক্ষতির বাৎসরিক রেকর্ড ভেঙ্গে তীব্র জলবায়ুজনিত ঘটনার ক্ষয়ক্ষতিতে যুক্তরাষ্ট্রের খরচ হয় মোটামুটিভাবে 306.2 বিলিয়ন মার্কিন ডলার। এই প্রতিবেদন আরও উল্লেখ করে যে, নিউ ইয়র্ক ও অন্যান্য জায়গায় উল্লেখযোগ্য প্রচেষ্টা চলছে, কিন্তু বিশ্বব্যাপী, বায়ুমণ্ডলীয় ঘনত্বকে নিরাপদ মাত্রায় স্থিতিশীল রাখতে গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ কমানের প্রচেষ্টা দ্রুত সংঘটিত হচ্ছে না।

প্রতিবেদনের সুপারিশমালার মধ্যে রয়েছে একটি পরিবর্তনশীল জলবায়ুর জন্য প্রস্তুত হতে স্টেট ও স্থানীয় নীতি-নির্ধারক এবং অন্যান্যদের কর্মকাণ্ডে সহায়তা করার জন্য একটি নিকাশ-ঘর ও সংস্থান হিসেবে কাজ করার জন্য একটি প্রাতিষ্ঠানিক সতন্ত্র সঙ্ঘ প্রতিষ্ঠা করা। সঙ্ঘটি জলবায়ু পরিবর্তন পরিকল্পনার জন্য প্রয়োজনীয় বৈজ্ঞানিক তথ্য তৈরি, কমিউনিটিগুলো যে চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে তা মোকাবেলার জন্য সরঞ্জাম ও রীতিনীতির উন্নয়ন, সম্মিলিত পদক্ষেপের জন্য অগ্রাধিকারসমূহ নির্ধারণ এবং প্রামাণ্য উপাত্ত ও তথ্য শেয়ার সহজতর করবে। তাছাড়া, প্রতিবেদনটি জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমন সম্পর্কে জানাতে যেসব তথ্য ও সরঞ্জাম ব্যবহার করা হয় তার মান ও কার্যকারিতার মূল্যায়ন অন্তর্ভুক্ত করতে এই নতুন সঙ্ঘকে বর্তমান ফেডারেল জাতীয় জলবায়ু মূল্যায়ন এর ব্যাপ্তি সম্প্রসারণের সুপারিশ করে। এই নতুন প্রায়োগিক মূল্যায়নটি পরিক্ষীত জলবায়ু বিজ্ঞান নীতিমালা শনাক্ত করবে, চূড়ান্ত উপাত্ত ও পদ্ধতি তৈরি করবে এবং গবেষণা কমিউনিটিকে জ্ঞানের ঘাটতি সম্পর্কে মতামত প্রদান করবে।

এই উপদেষ্টা কমিটি ছয়টি সুযোগও চিহ্নিত করে যেগুলো নির্দিষ্ট চাহিদা পূরণ করে এবং/অথবা সম্ভাবনামত পদ্ধতি ও প্রযুক্তির সুবিধা নেয়। এই সুযোগগুলোর মধ্যে রয়েছে আবেদনের জন্য জলবায়ুগত তথ্য মূল্যায়ন; অভিযোজন ও প্রশমনের বিকল্পগুলো মূল্যায়ন; জলবায়ু নির্দেশক পদ্ধতির উন্নয়ন; কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার; নাগরিক ও কমিউনিটি বিজ্ঞানের প্রয়োগ; এবং পরস্পরচ্ছেদী জলবায়ুগত, পরিবেশগত ও আর্থ-সামাজিক প্রবণতা মূল্যায়ন করতে ভূস্থানিক বিশ্লেষণ পদ্ধতির ব্যবহার।

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জগুলো মোকাবেলার সাহসী পদক্ষেপ নিচ্ছে। 2017 সালের 1 জুনে, যখন ফেডারেল সরকার প্যারিস জলবায়ু চুক্তি প্রত্যাহারের উদ্দেশ্য ঘোষণা করে, তখন নিউ ইয়র্ক উক্ত চুক্তির লক্ষ্যমাত্রা তুলে ধরার জন্য ইউ.এস. ক্লাইমেট অ্যালায়েন্স গঠন করতে ক্যালিফোর্নিয়া ও ওয়াশিংটন স্টেটের সাথে যোগ দেয়। দেশের জনসংখ্যা ও মোট দেশীয় পণ্যের অর্ধেকেরও বেশির প্রতিনিধিত্বকারী 22 টি স্টেট ও পুয়ের্তু রিকোকে অন্তর্ভুক্ত করতে ইউ.এস. ক্লাইমেট অ্যালায়েন্স প্রতিষ্ঠিত হয়েছে।

স্বাধীন উপদেষ্টা কমিটির কাজ সম্পর্কে আরও জানতে climateassessment.org ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার ।press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন